রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৫৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'নিরাপদ সড়ক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'** নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন:

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | : | আহ্বায়ক |
| ২. | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩. | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪. | মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫. | মন্ত্রী, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬. | মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭. | মন্ত্রী/প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাবৃন্দ:

১. মন্ত্রিপরিষদ সচিব

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ

৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ

৬. সচিব, জননিরাপত্তা বিভাগ

৭. সচিব. সুরক্ষা সেবা বিভাগ

৮. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৯. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

১০. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১১. সচিব, শিল্প মন্ত্রণালয়

১২. সচিব, কৃষি মন্ত্রণালয়

১৩. সচিব, ভূমি মন্ত্রণালয়

১৪. মহাপুলিশ পরিদর্শক

১৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

১৬. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

১৭. চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি

১৮. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) কমিটির কার্যপরিধি:

(১) জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর এবং এগুলোর পার্শ্ব হতে হাট-বাজার ও বাণিজ্যিক স্থাপনা অপসারণ সংক্রান্ত বিষয়াদি;

(২) জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে রেজিস্ট্রেশনবিহীন অবৈধভাবে চলাচলরত নছিমন, করিমন, ভটভটি, ইজিবাইক বা অনুরূপ যানবাহন চলাচল বন্ধকরণ সংক্রান্ত বিষয়াদি; এবং

(৩) প্রাসঙ্গিক অন্য যে কোনো বিষয়।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(চ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোসাম্মৎ নাসিমা বেগম
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd